

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় অফিসারের কার্যালয়
ক্ষেতলাল, জয়পুরহাট।

স্মারক নং ৪৭.০৬১.৩৮৬১.০০০.৩৯.০১৫.১৬.১২৮

তারিখঃ- ০৮-১০-২৪ খ্রিঃ।

বিষয়ঃ- তথ্য সমৃদ্ধ বার্ষিক প্রতিবেদন ২০২৪-২০২৫ যথা সময়ে প্রকাশ নিশ্চিতকরণ ও ০১ টি সমবায় সমিতির ভালো কর্মকাণ্ডের বিভিন্ন তথ্য সমৃদ্ধ ছবি প্রতিবেদন সহ প্রেরণ প্রসঙ্গে।

সুত্রঃ- জেলা সমবায় অফিসার, জয়পুরহাট, মহোদয় এর স্মারক নং ১২৫১, তারিখ ১৭-০৭-২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সুত্রের প্রেক্ষিতে অত্র উপজেলার তথ্য সমৃদ্ধ বার্ষিক প্রতিবেদন ২০২৪-২০২৫ এর ০১ টি সমবায় সমিতির ভালো কর্মকাণ্ডের বিভিন্ন তথ্য সমৃদ্ধ ছবি ও প্রতিবেদন প্রস্তুতপূর্বক মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

প্রাপক

জেলা সমবায় আফিসার
জয়পুরহাট।

১৫-১০-২৪ খ্রিঃ।

উপজেলা সমবায় অফিসার (দাঃ প্রাঃ)
ক্ষেতলাল, জয়পুরহাট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা অফিসারের সমবায় কার্যালয়
ক্ষেতলাল, জয়পুরহাট।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৪-২০২৫ এর আওতায় তথ্য অধিকার বিষয়ে বার্ষিক প্রতিবেদন।

প্রকাশঃ ১৫/১০/২০২৪ খ্রিঃ

সম্পাদক
মোঃ আমিরুল ইসলাম
উপজেলা সমবায় অফিসার (দাঃ প্রাঃ)
ক্ষেতলাল, জয়পুরহাট।

সহযোগী সম্পাদনায়

১। মোঃ মোজাম্মেল হক
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় অফিস
ক্ষেতলাল, জয়পুরহাট।

০২। মোঃ তাইফুল ইসলাম
অফিস সহায়ক
উপজেলা সমবায় অফিস
ক্ষেতলাল, জয়পুরহাট।

প্রকাশনায়
উপজেলা সমবায় অফিস
ক্ষেতলাল, জয়পুরহাট।

যুগ্ম-নিবন্ধক
বিভাগীয় সমবায় কার্যালয়
রাজশাহী বিভাগ, রাজশাহী



বাণী

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন জয়পুরহাট জেলার ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত।

আজম বাঞ্জালী জাতীয় স্বপ্ন বৈষম্য দূরীকরণের মাধ্যমে একটি সুস্থি-সমৃদ্ধ সোনার বাংলাদেশ গড়ার। তারই ধারাবাহিকতায় সমবায় অধিদপ্তর সমবায় সমিতির মাধ্যমে সোনার বাংলা গড়ার অগ্রণী ভূমিকা পালন করে আসছে। সমবায় বিভাগ গ্রামীণ দারিদ্র্য জনগোষ্ঠীর দারিদ্র্য বিমোচন, আর্থ- সামাজিক অবস্থার উন্নয়ন, কর্মসংস্থানের সৃষ্টি, নারী ক্ষমতায়ন ও দারিদ্র্য হাসে সমবায় সমিতিগুলি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। অর্থনীতির সকল খাতেই সমবায় কর্মকাণ্ড পরিচালিত হচ্ছে। সমবায় বিভাগ ও সমবায় সমিতি সমূহ দেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে যে, অবদান রাখছে তার একটি চিত্র তুলে ধরার জন্য জেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট কর্তৃক বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়ে থাকে। তারই ধারাবাহিকতায় এ বছর বার্ষিক প্রতিবেদন ২০২৪-২০২৫ প্রকাশিত হ'লো। প্রতিবেদনটিতে জয়পুরহাট জেলার সমবায় কার্যক্রমের পরিসংখ্যান হিসেবে সমবায় সমিতি গুলোর সংখ্যা, ব্যক্তি সদস্য, শেয়ার মূলধন, সঞ্চয় ও আমানত গঠিত অন্যান্য তহবিল গৃহিত ও দাদনকৃত খণ্ড, আদায়কৃত খণ্ড, বার্ষিক অডিটকরণ, সরকারী রাজস্ব আদায়, লভ্যাংশ বিতরণ ইত্যাদির পাশাপাশি সমবায় অধিদপ্তর ও এর আওতাধীন প্রশিক্ষণ এর মাধ্যমে সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত প্রশিক্ষণ বিষয়ে বিস্তারিত পরিসংখ্যান তুলে ধরা ও যাবতীয় তথ্যসহ জয়পুরহাট জেলার এবং অধীনস্থ প্রতিষ্ঠান সমূহের কর্মকাণ্ড এ প্রতিবেদনে সন্নিবেশিত রয়েছে।

অর্থনীতিকে সচল রাখতে অব্যাহতভাবে বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে দেশের পিছিয়ে পড়া দারিদ্র্য জনগোষ্ঠীর মান উন্নয়নে কাজ করে যাচ্ছে এবং সক্রিয়ভাবে অবদান রেখে চলেছে। উৎপাদন, বিপণন ও সুষম বন্টন ব্যবস্থায় বৈষম্য দূরীকরণে ভূমিকা রেখে জাতীয় অর্থনীতিকে শক্তিশালীকরণেও দৃশ্যমান অবদান রাখতে পারে।

প্রতিবেদনটি জয়পুরহাট জেলার কর্মকাণ্ড প্রচারে অবদান রাখবে এবং জেলার কর্মকাণ্ড সম্পর্কে জানতে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের নিকট সমাদৃত হবে বলে আমি বিশ্বাস করি। এ প্রতিবেদন প্রণয়নের জন্য তথ্য সংগ্রহ, প্রণয়ন ও সম্পাদনার সাথে সংশ্লিষ্ট সকলকে আস্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

প্রতিবেদনটির মানোন্নয়নে সকলের পরামর্শ সাদরে গৃহিত হবে।

জেলা সমবায় অফিসার (অতিরিক্ত দায়িত্ব)
জয়পুরহাট।



বাণী

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের অধীন জয়পুরহাট জেলার ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত।

আজন্ম বাঙালী জাতীয় স্বপ্ন বৈষম্য দূরীকরণের মাধ্যমে একটি সুখী-সমৃক্ষ সোনার বাংলাদেশ গড়ার। তারই ধারাবাহিকতায় সমবায় অধিদপ্তর সমবায় সমিতির মাধ্যমে সোনার বাংলা গড়ার অগ্রণী ভূমিকা পালন করে আসছে। সমবায় বিভাগ গ্রামীণ দারিদ্র্য জনগোষ্ঠীর দারিদ্র্য বিমোচন, আর্থ- সামাজিক অবস্থার উন্নয়ন, কর্মসংস্থানের সৃষ্টি, নারী ক্ষমতায়ন ও দারিদ্র্য হাসে সমবায় সমিতিগুলি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। অর্থনীতির সকল খাতেই সমবায় কর্মকাণ্ড পরিচালিত হচ্ছে। সমবায় বিভাগ ও সমবায় সমিতি সমূহ দেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে যে, অবদান রাখছে তার একটি চিত্র তুলে ধরার জন্য জেলা সমবায় কায়ালয়, জয়পুরহাট কর্তৃক বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়ে থাকে। তারই ধারাবাহিকতায় এ বছর বার্ষিক প্রতিবেদন ২০২৪-২০২৫ প্রকাশিত হ'লো। প্রতিবেদনটিতে জয়পুরহাট জেলার সমবায় কার্যক্রমের পরিসংখ্যান হিসেবে সমবায় সমিতি গুলোর সংখ্যা, ব্যক্তি সদস্য, শেয়ার মূলধন, সঞ্চয় ও আমানত গঠিত অন্যান্য তহবিল গৃহিত ও দাদনকৃত খণ্ড, আদায়কৃত খণ্ড, বার্ষিক অডিটকরণ, সরকারী রাজস্ব আদায়, লভ্যাংশ বিতরণ ইত্যাদির পাশাপাশি সমবায় অধিদপ্তর ও এর আওতাধীন প্রশিক্ষণ এর মাধ্যমে সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত প্রশিক্ষণ বিষয়ে বিস্তারিত পরিসংখ্যান তুলে ধরা ও যাবতীয় তথ্যসহ জয়পুরহাট জেলার এবং অধীনস্থ প্রতিষ্ঠান সমূহের কর্মকাণ্ড এ প্রতিবেদনে সন্তুষ্টিপূর্ণ রয়েছে।

অর্থনীতিকে সচল রাখতে অব্যাহতভাবে বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে দেশের পিছিয়ে পড়া দারিদ্র্য জনগোষ্ঠীর মান উন্নয়নে কাজ করে যাচ্ছে এবং সক্রিয়ভাবে অবদান রেখে চলেছে। উৎপাদন, বিপণন ও সুষম বন্টন ব্যবস্থায় বৈষম্য দূরীকরণে ভূমিকা রেখে জাতীয় অর্থনীতিকে শক্তিশালীকরণেও দৃশ্যমান অবদান রাখতে পারে।

প্রতিবেদনটি জয়পুরহাট জেলার কর্মকাণ্ড প্রচারে অবদান রাখবে এবং জেলার কর্মকাণ্ড সম্পর্কে জানতে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের নিকট সমাদৃত হবে বলে আমি বিশ্বাস করি। এ প্রতিবেদন প্রণয়নের জন্য তথ্য সংগ্রহ, প্রণয়ন ও সম্পাদনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

প্রতিবেদনটির মানোন্নয়নে সকলের পরামর্শ সাদরে গৃহিত হবে।

উপজেলা সমবায় অফিসার (দাঃ প্রাঃ)
ক্ষেতলাল, জয়পুরহাট।



বাণী

সমবায় অধিদপ্তরের নিবন্ধিত সমবায় সমিতি সমূহ বাংলাদেশের আর্থ-সামাজিক অগ্রগতি অর্জনে দীর্ঘ দিন যাবত প্রশংসনীয় ভূমিকা পালন করে আসছে। দরিদ্র জনগোষ্ঠীর ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয়কে একীভূত করে সমবায় আন্দোলনের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নে ভিত্তি স্থাপন করেছে। বাংলাদেশের অর্থনৈতিক অগ্রগতিকে ভরাষ্টত করতে সমবায় আন্দোলনের বিকল্প নেই। সমবায় অধিদপ্তর ও সমবায় সমিতি সমূহ দেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন যে অবদান রাখছে তার একটি চিত্র তুলে ধরার জন্য প্রতিবছর সমবায় অধিদপ্তর কর্তৃক বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়ে থাকে। তারই ধারাবাহিকতায় এ বছর বার্ষিক প্রতিবেদন ২০২৪-২০২৫ প্রকাশিত হল। প্রতিবেদনটিতে ক্ষেতলাল উপজেলা ব্যাপী সমবায় কার্যক্রমের পরিসংখ্যান হিসাবে সমবায় সমিতি গ্রলোর সংখ্যা, ব্যক্তি সদস্য, শেয়ার মূলধন, সঞ্চয় আমানত, গঠিত অন্যান্য তহবিল গৃহীত ও দাদনকৃত ঋণ, আদায়কৃত ঋণ, বার্ষিক অভিট সম্পাদন, সরকারী রাজস্ব আদায়, লভ্যাংশ বিতরণ ইত্যাদির পাশাপাশি সমবায় অধিদপ্তর ও এর আওতাধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মাধ্যমে সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত প্রশিক্ষণ বিষয়ে বিস্তারিত পরিসংখ্যান তলে ধরা হয়েছে।

প্রকাশিত প্রতিবেদনটি অত্র উপজেলার কর্মকাণ্ড প্রচারে অবদান রাখবে এবং উপজেলার কর্মকাণ্ড সম্পর্কে জানতে আগ্রহী সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের নিকট সমাদৃত হবে বলে আমি বিশ্বাস করি।

বার্ষিক প্রতিবেদন প্রণয়নের জন্য তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও সম্পাদনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

প্রতিবেদনটির মানোন্নয়নে সকলের পরামর্শ সাদরে গৃহিত হবে।

ছবি	শিরোনাম	পদবি	ই-মেইল	মোবাইল নং	ফোন (অফিস)
	মোঃ আমিরুল ইসলাম	উপজেলা সমবায় অফিসার (দাঃ প্রাঃ)	uco_khetlal@yahoo.com	০১৭১৪৫২৭৪৭৪	
	মোঃ মোজাম্মেল হক	সহকারী পরিদর্শক	uco_khetlal@yahoo.com	০১৭৩৬৫৯৯৮৮৭	
	মোঃ তাইফুল ইসলাম	অফিস সহায়ক	<u>mdtaifulislam720@gmail.com</u> (official) uco_khetlal@yahoo.com	০১৭৪৫৫০৮৬২৮	

এক নজরে ক্ষেত্রাল, উপজেলা

ক্ষেত্রাল উপজেলা আয়তন - 142.61 (km²) বর্গ কিলোমিটার

উপজেলা সমবায় কার্যালয় ক্ষেত্রাল, জয়পুরহাট এর সচিত্র সংক্ষেপে নিম্নে উল্লেখ করা হলঃ

ক্ষেত্রাল উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি, ০১ টি।

প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা, ২০৭ টি।

০১। কৃষি সমবায় সমিতি	= ৩০
০২। মৎস্যজীবি/মৎস্যচাষী সমবায় সমিতি লিঃ	= ৭২
০৩। তন্তবায় সমবায় সমিতি লিঃ	= ০
০৪। শ্রমজীবি সমবায় সমিতি লিঃ	= ০
০৫। আদর্শ গ্রাম সমবায় সমিতি লিঃ	= ০৮
০৬। মহিলা সমবায় সমিতি লিঃ	= ০৩
০৭। পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ	= ০৩
০৮। যুব সমবায় সমিতি লিঃ	= ০ ৮
০৯। সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ	= ৬০
১০। ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ	= ০৬
১১। সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ	= ০১
১২। কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ	= ০১
১৩। বহুমুখী সমবায় সমিতি লিঃ	= ০৬
১৪। আশ্রয়ণ সমবায় সমিতি লিঃ	= ১৩
১৫। ভূমিহীন সমবায় সমিতি লিঃ	= ০১
১৬। মুক্তিযোদ্ধা সমবায় সমিতি লঃ	= ০২
১৭। আখচাষী সমবায় সমিতি লিঃ।	= ০১

উক্ত প্রাথমিক সমবায় সমিতিগুলোর সদস্য সংখ্যা ৮৪০৪ জন। এর মধ্য পুরুষ ৬৪১৬ জন এবং মহিলা ১৯৮৮ জন। প্রাথমিক সমবায় সমিতির শেয়ার মূলধন ৬৫.৬ টাকা। সঞ্চয় আমানত ১৪৫.৭৫ টাকা এবং কার্যকরী মূলধন ২.৪৩ টাকা।

সমিতির নামঃ আস্থা ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ

নিবন্ধন নং:- ৪৫/২০১৯, তারিখ:-২০/০৫/২০১৯

সমিতির ঠিকানা:-গ্রাম: ছোটতারা, ডাক: উত্তর হাটশহর, উপজেলা: ক্ষেতলাল, জেলা: জয়পুরহাট


ভূমিকা	আস্থা ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ”গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জেলা সমবায় কার্যালয় জয়পুরহাট কর্তৃক নিবন্ধিত একটি সমিতি। এই সমিতি টি ক্ষেতলাল পৌরসভা ও বড়তারা ইউনিয়নের সুবিধা বঞ্চিতদের নিয়ে গঠিত। যা পরিচালনার জন্য একটি ছয় জন (০৬) সদস্য বিশিষ্ট দক্ষ ব্যবস্থাপনা কমিটি রয়েছে। সমবায় আইন অনুযায়ী প্রতি তিন বছর অন্তর অন্তর পরিচালনা কমিটির নির্বাচন সম্পন্ন করা হয়ে থাকে। প্রতি অর্থবছর শেষে সমিতির আর্থিক অবস্থা এজিএম এর মাধ্যমে সকল সদস্যদের নিকট তুলে ধরা হয়। সমিতি হতে সদস্যদের সহজ শর্তে ঋণ প্রদান করা হয়। যাতে সদস্যরা ঋণ নিয়ে তাদের আয়বৃদ্ধি ও পারিবারিক অবস্থার উন্নয়ন করতে পারে। ইতিমধ্যে অনেকে সফল হয়ে পারিবারের আর্থিক অবস্থার পরিবর্তন করেছে। এই সমিতির সার্বিক উন্নয়নে জেলা ও উপজেলা সমবায় কর্মকর্তা অঞ্চলী ভূমিকা পালন করে।
সদস্য সংখ্যার বিভিন্ন কর্মসূচি	সদস্য সংখ্যার বিভিন্ন কর্মসূচি এই সমিতিতে ৩০শে সেপ্টেম্বর ২০২৪ ইং তারিখ পযর্ত মোট সদস্য সংখ্যা ৩০ জন। যারা নিয়মিত শেয়ার, সঞ্চয় ও ঋণ ফেরত সমিতিতে নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করে থাকে। সমিতির কার্যক্রমের মধ্যে রয়েছে:- ১. গরু পালন ২. বৃক্ষরোপন কর্মসূচী ৩. কৃষিকাজ ৪.. মাছচাষ ইত্যাদি।
কার্যক্রমের বর্ণনা	সমিতিতে প্রত্যেক মাসে ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় এই সমিতির পক্ষ থেকে বৃক্ষরোপন কর্মসূচী গ্ৰহণ করা হয়। 

বিগত অর্থ-বছরে শেয়ার, সঞ্চয়, ঋণ আদায়, লভ্যাংশ বিতরণ, সিডিএফ প্রদান, নিরীক্ষা কার্যক্রম, বার্ষিক সাধারণ সভা ও ব্যবস্থাপনা কমিটির সভা যথা সময়ে করা হয়েছে। ০১। সমিতির বার্ষিক সাধারণ সভা যথা সময়ে অনুষ্ঠিত হয়েছে।	বিগত বছর গুলোর কর্মকাণ্ডের বর্ণনা
কেস স্ট্যাডি	সমিতিতে সদস্য হয়ে এক জন সফল সদস্য হিসেবে মোঃ রুবেল বাবু এর সফলতার গল্পগুলি তুলে ধরা হ'ল:- রুবেল বাবু এর পরিবারের সদস্য সংখ্যা ০৪জন। যার মধ্যে তার স্ত্রীসহ ০২টি ছেলে রয়েছে। তারা জয়পুরহাট জেলার ক্ষেত্রে উপজেলার বড়তারা ইউনিয়নের ছোটতারা গ্রামে বসবাস করেন। তার সদস্য নাম্বার ০১। সমিতিতে সদস্য হওয়ার পূর্বে তার পারিবারিক অবস্থা ভালোছিলনা। তিনি পেশায় একজন দিন মজুর ও তার স্ত্রী একজন গৃহিণী। তাদের চাষাবাদের জন্য কোন জমি না থাকায় অন্যের জমিতে কাজ করত। তার দিন মজুর এর টাকা দিয়া সংসার চলতো না। তখন তিনি প্রতিবেশীর কাছ থেকে জেনে ‘আস্থা ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লি:’ এ যান এবং সমিতিতে সদস্য হিসেবে অঙ্গুত্ব হন। তিনি পরবর্তীতে ছাগলপালনের জন্য ১৫,০০০ টাকা ঋণ গ্রহণ করেন। যা দিয়ে কয়েকটি ছাগল ক্রয় করেন এবং বাড়িতে নিজেতা লালন-পালন করেন। এক বছরে তার ছাগলের সংখ্যাবৃদ্ধি পাওয়ার মাধ্যমে তিনি ঐ বছর ছাগলপালন থেকে ৩৬,৫০০/- টাকা আয়করতে সক্ষম হন এবং সংসারের আয় বৃদ্ধিতে অংশ নিতে করতে পারেন। এর পর তিনি পর্যায়ক্রমে গরুপালনের জন্য ৩০,০০০/- টাকা ঋণ গ্রহণ করেন। বর্তমানে মোঃ ইউনুচ প্রামাণিক নিজে তার পরিবারের জন্য বছরে ১,২০,০০০/- টাকা আয় করেন। বর্তমানে তার বাড়ীতে ০৫টি ছাগল, ০২ টি গরু ও ৩৩ শতাংশ জমি ইজারা নিয়ে ধান ও সবজি চাষা বাদ করেন। এখন তাদের পারিবারিক আর্থিক অবস্থার উন্নয়ন ঘটানো সম্ভব হয়েছে। সমিতির সভাপতি জনাব মোঃ আইনুল হক রনী বলেন যে, জনাব মোঃ রুবেল বাবু কঠোর পরিশ্রম ও আত্মবিশ্বাসের মাধ্যমে আজকে সে সফল হতে পেরেছে আমরা তো সফল তার জন্য গবিত।

একক ঋণ নিয়ে গরু পালন



Scanned with CamScanner

মডেল সমবায় সমিতি	<p>একটি মডেল সমবায় সমিতির যে সকল বৈশিষ্ট রয়েছে“আস্থা ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লি:” এ তা নক্ষ করা যায়। সমিতিটির মডেল হওয়ার বর্ণনা তুলে ধরা হল:-সমিতি টি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জেলা সমবায় কার্যালয় জয়পুরহাট কর্তৃক নিবন্ধন প্রাপ্ত সমিতি। সমিতিটি নিবন্ধিত হয় ২০/০৫/২০১৯ খ্রীষ্টাব্দে। সমিতিটি নিবন্ধিত হয়ে মোট ৩০/- জন সদস্য নিয়ে সমিতি পরিচালনার কার্যক্রম শুরু করে। বর্তমানে সমিতিটির মোট সদস্য সংখ্যা ৩০ জন, খগী সদস্য সংখ্যা ১৮ জন। আর্থ সামাজিক অবস্থাও জীবন যাত্রার মান উন্নয়ন, নারীর ক্ষমতায়ন, শিক্ষা, স্বাস্থ ও সেবা মূলক সামাজিক কর্মসূচিতে সমিতির সংশ্লিষ্টতা আছে। সমিতিতে নিয়মিত অংশগ্রহণ মূলক বার্ষিক সাধারণ সভা, ব্যবস্থাপনা কমিটির সভা, সভায় কার্য-বিবরনী লিপি বন্দরণ, গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন, যথা সময়ে নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। প্রতি বছর সমিতির যথা সময়ে নিরীক্ষা কার্যক্রম সম্পাদন ও বার্ষিক সাধারণ সভায় বাজেট উপস্থাপন ও অনুমোদন করা হয়েছে। সমিতির সকল লেনদেন ব্যাংক এর মাধ্যমে সম্পাদন করে থাকে। প্রতি মাসে সদস্যদের কাছ থেকে নিয়মিত শেয়ার, সঞ্চয় ও খণ্ড আদায় করা হয়ে থাকে। সমবায় সমিতির আইন ও বিধি মোতাবেক সংরক্ষিত ও অন্যান্য তহবিল গঠন এবং খণ্ড কার্যক্রম চলমান আছে। সমিতি টিতে নীট লাভ অর্জিত হচ্ছে এবং যথা সময়ে লভ্যাংশ বিতরণ করা হয়েছে। সমিতিটি ধার্যকৃত অডিট ফি ও সিডিএফ পরিশোধ করা হয়েছে। সমবায় সমিতিটি আইন বিধিমালা, উপ-আইন, সার্কুলারসহ আদেশ-নির্দেশ অনুসরনকরা হয়ে থাকে। সমিতি কর্তৃক আয়োজিত সকল প্রোগ্রামে তথ্য প্রযুক্তি ব্যবহার করা হয়। সমিতিটি সর্বদা জেলা /উপজেলা সমবায় অফিসারের যোগাযোগ রক্ষা করে। পরিশেষে বলা যায়, উপরোক্ত বৈশিষ্ট গুলো একটি মডেল সমবায়ের পরিচয় দেয়। তাই“আস্থা ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লি:”একটি মডেল সমবায় সমিতি বলে আমরা মনে করি।</p>
লভ্যাংশ বিতরণ ও সিডি এফ আদায়	প্রতি অর্থ বছরের অডিট অনুযায়ী নির্ধারিত লভ্যাংশ বিতরণ ও সিডিএফ নির্দিষ্ট সময়ে পরিশোধ করা হয়ে থাকে।
অডিটসম্পর্কিত তথ্য	প্রতি বছর নিয়মিত অডিট কার্যক্রম সমিতির সহযোগীতায় সম্পাদন করা হয়েছে।
ব্যাংক ও অন্যান্য তথ্য	সমিতির নামে ঝুপালী ব্যাংক ক্ষেত্রলাল শাখায় ১টি একাউন্ট রয়েছে, যার হিসাব নং- ৪১৯০২৪০০০০৮৩ খোলা আছে যার মাধ্যমে সমিতিটি নিয়মিত লেনদেন করে থাকে।
কর্মকাণ্ডের ছবি	<p>সমিতি হতে খণ্ড নিয়ে মাছ চাষ</p>  <p>Scanned with CamScanner</p>



Scanned with CamScanner

অন্যান্য কার্যক্রম	এছাড়াও “আঙ্গু ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লি: বিভিন্ন প্রোগ্রামে জনসচেতনতা, বাল্যবিবাহ, শিশু শ্রম, ইত্যাদি বিষয় সম্রক্ষে আলোচনা করে থাকে।
--------------------	--

১৫-০৪-২৪ খ্রিঃ।

উপজেলা সমবায় অফিসার (দাঃ প্রাঃ)

ক্ষেতলাল, জয়পুরহাট।

জেলা সমবায় অফিসার
জয়পুরহাট।